

## প্রাণ-প্রকৃতি বিনাশি প্রকল্প বাতিল করুন



ফুলবাড়ী দিবসে ঢাকা দিনাজপুরসহ সারা দেশে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

ফুলবাড়ীর শহীদদের স্মরণে কেন্দ্রীয় শহীদ মিনারে তেল-গ্যাস, খনিজ সম্পদ ও বিদ্যুৎ, বন্দর রক্ষা জাতীয় কমিটি আয়োজিত সভায় অবিলম্বে ফুলবাড়ী চুক্তির পূর্ণবাস্তবায়নের দাবি জানানো হয়েছে।

২৬ আগস্ট ফুলবাড়ী আন্দোলনের শহীদ তরিকুল, সালেহীন, আল-আমিন স্মরণে জাতীয় কমিটি, বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের পক্ষ থেকে ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এরপর অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন কমিটির সদস্যসচিব অধ্যাপক আনু মুহাম্মাদ, রুহিন হোসেন প্রিন্স। বজলুর রশীদ ফিরোজ, সাইফুল হক, জোনায়েদ সাকী, অধ্যাপক আব্দুস সাত্তার, শুভ্রাংশু চক্রবর্তী, মানস নন্দী, শহিদুল ইসলাম সবুজ, নুজরাত মনিষা, মাহিনউদ্দিন চৌধুরী লিটন, রেজাউল করিম, মাসুদ খান প্রমুখ। সভায় ফুলবাড়ীর শহীদদের স্মরণে ১ মিনিট নীরবতা পালন করা হয়।